উত্তর দিনাজপুর জেলা পরিষদ

কর্ণজোড়া : রায়গঞ্জ

**মুক্ত দরপত্র ডাকের বিজ্ঞপ্তি**

স্মারক সংখ্যা : ২৮৫/উ.দি.জে.প./রিসোঃ মোবিঃ/এক্স/অকশন/খেয়াঘাট/২০১২/০০১ দিনাঙ্ক : ২২/০১/২০২১

এতদ্দারা সকলকে জানানো যাচ্ছে যে, উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন নিম্নলিখিত ফেরিঘাট জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে **০৯-ই ফেব্রুয়ারী, ২০২১ থেকে ৩১-শে মার্চ , ২০২২** পর্যন্ত ইজারা বিলির জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। উক্ত ফেরিঘাট ইজারা নিতে ইচ্ছুক কো-অপারেটিভ সোসাইটি/ পার্টনারশিপ ফার্ম/ স্ব-নির্ভর গোষ্ঠী (কো-অপারেটিভ সোসাইটি/ পার্টনারশিপ ফার্ম বলতে পশ্চিম বঙ্গ ভূমি ও ভূমি সংস্কার ম্যানুয়াল ১৯৯১ এর ২৬৬ ধারা অনুযায়ী গঠিত কো-অপারেটিভ সোসাইটি/ পার্টনারশিপ ফার্ম বোঝাবে) এবং ব্যক্তি- বিশেষকেও লীজে অংশ গ্রহণের সুযোগ দেওয়া হবে। উক্ত লীজে উল্লিখিত সময়ে ও স্থানে নিজ নিজ আবেদনপত্র সাদা কাগজে অথবা নিজস্ব প্যাডে লিখে জেলা পরিষদের নির্ধারিত বাক্সে জমা দিবেন।

প্রকাশ থাকে যে, নিম্নলিখিত পরিমাণ অর্থ **আমানত বাবদ অগ্রিম জমা কার্যকাল মেয়াদ পর্যন্ত** রাখতে হবে। যারা আমানত বাবদ অগ্রিম জমা টাকা আবেদনপত্রের সঙ্গে জমা করবেন কেবল মাত্র তারাই **ওপেন বিড-এ** অংশ নিতে পারবেন। বায়নার টাকা নগদে জমা করতে পারবেন।

| | | |
|---|---|---|
| ফেরিঘাট | : | **বাহিন ফেরিঘাট, রায়গঞ্জ পঃ সমিতি** |
| আমানত বাবদ অগ্রিম জমা | : | **টা. ৫০,০০০.০০** (পঞ্চাশ হাজার টাকা) মাত্র। |
| ন্যূনতম দর | : | **টা. ২,৮০,০০০.০০** (দুই লক্ষ আশি হাজার টাকা) মাত্র। |
| আবেদনপত্র জমা দেওয়ার তারিখ/ সময় | : | ২২/০১/২০২১ থেকে ০৮/০২/২০২১ বেলা ১১:০০ থেকে ৪.০০ ঘটিকা পর্যন্ত। (ছুটির দিন বাদে) |
| আবেদনপত্র খোলার তারিখ/সময়/স্থান | : | ০৮/০২/২০২১ বেলা ৪:০০ ঘটিকা, সচিব, উ.দি.জে.প-এর কক্ষ। |

**বিভিন্ন শর্তাবলী নিম্নে দেওয়া হ'ল :**

১। আবেদনপত্র জমা দেবার শেষ তারিখ : ০৮/০২/২০২১

২। উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন বাহিন ফেরিঘাট **০৯-ই ফেব্রুয়ারী, ২০২১ থেকে ৩১-শে মার্চ, ২০২২** পর্যন্ত বন্দোবস্ত দেওয়া হবে। উক্ত ঘাটের জন্য সর্ব্বোচ্চ দর সেই ঘাটের ঐ সময়ের জন্য খাজনা ধার্য্য হবে।

৩। প্রথম সর্ব্বোচ্চ দরদাতাকে **১৫/০২/২০২১** তারিখের মধ্যে ডাকের অর্থ জেলা পরিষদে জমা করতে হবে। যদি ডাকের সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন, তবে ২য় সর্ব্বোচ্চ দরদাতাকে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে। অনুরূপ ভাবে দ্বিতীয় সর্ব্বোচ্চ দরদাতাও যদি সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন, তবে তৃতীয় সর্ব্বোচ্চ দরদাতাকে সুযোগ দেওয়া হবে এবং এই প্রক্রিয়া চলতে থাকবে। তবে যদি পাশাপাশি দরদাতার মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে বা ১ম, ২য় এবং ৩য় সর্ব্বোচ্চ দরদাতা সম্পূর্ণ দরের অর্থ মিটিয়ে দিতে অপারগ হন, তবে সে ক্ষেত্রে জেলাপরিষদ কর্তৃপক্ষ ডাক-প্রক্রিয়াটি বাতিল বলে ঘোষণা করতে পারবেন। সর্ব্বোচ্চ দরদাতা সম্পূর্ণ অর্থ জমা না দিলে **আমানত বাবদ অগ্রিম জমার** টাকা বাজেয়াপ্ত করা হবে এবং ২য় ও ৩য় ডাককারীকে অনুরূপ সুযোগ দেওয়া হবে। **আমানত বাবদ অগ্রিম জমার টাকা** বাজেয়াপ্তের ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হবে।

২য় পৃষ্ঠা দ্রষ্টব্য

৪। কোন কারণ না দেখিয়ে দর গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে এবং সে ক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

৫। যে সব দরদাতা ঘাট দখলের সুযোগ পাওয়ার পর ঘাট নিতে অস্বীকার করবেন তাদের আমানত বাবদ অগ্রিম জমার টাকা বাজেয়াপ্ত করা হবে। কোন প্রকার প্রতারণার জন্য ভারতীয় দণ্ডবিধি অনুসারে দণ্ডনীয় হবেন এবং ঘাট নিলাম হলে তাতে জেলা পরিষদের যে ক্ষতি হবে তার জন্য তিনি দায়ী থাকবেন।

৬। যদি কোন দরদাতা নিজ নাম গোপন করে কাল্পনিক নামে আবেদন করেন অথবা নোটিশের বা এগ্রিমেন্টের শর্ত অথবা জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদকে প্রতারিত করার চেষ্টা করেছেন বলে প্রমানিত হয় তবে তিনি আইন অনুসারে দণ্ডনীয় হবেন।

৭। যিনি/ যারা ইজারাদার নিযুক্ত হবেন তিনি/ তারা ইজার পাবার **০৭ (সাত) দিনের মধ্যে** টাঃ ২০.০০ (কুড়ি টাকা) মাত্র এর Non-juditial Stamp-এ জেলা পরিষদের নির্দিষ্ট চুক্তিপত্রে চুক্তি সম্পাদন করবেন অন্যথায় ঘাটের দখলি পরোয়ানা দেওয়া যাবে না এবং যিনি এই পরোয়ানা না নিয়ে দখল করবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দণ্ডনীয় হবেন।

৮। পূর্বতন ইজারাদারের টাকা বাকি থাকলে তিনি দরপত্র জমা করতে পারবেন না।

৯। মাসুলের হার, শর্তাবলী ও বিস্তৃত নিয়ম কানুন নিম্নরূপ :

(ক) ফেরিঘাট পারাপার করবার জন্য দক্ষ মাঝি ও দাঁড়সহ উপযুক্ত নৌকা রাখতে হবে, নৌকা মেরামত, নিরাপত্তামূলক ব্যবস্থা, দাঁড়ি, মাঝি প্রভৃতি রাখবার ব্যয় ও দায়িত্ব ইজারাদারকে বহন করতে হবে।

(খ) রাত্রিকালীন ফেরি চলাচল করতে ঘাটের দুই পাশে আলোর ব্যবস্থা রাখতে হবে।

(গ) নৌকাতে ওঠা এবং নামার ব্যবস্থা রাখতে হবে এবং যাত্রীদের বসবার ব্যবস্থা রাখতে হবে।

(ঘ) ঘাটে পানীয় জলের ব্যবস্থা রাখতে হবে।

(ঙ) ইজারাদারকে ফেরিঘাটের আইন ও আইনের সমস্ত নিয়মগুলি বর্তমানে যা আছে এবং ভবিষ্যতে যা হবে তা পালন করে ঘাটের কাজ চালাতে হবে।

(চ) জেলা পরিষদ কর্তৃপক্ষের নির্ধারিত হারের অধিক মাসুল আদায় করা যাবে না।

(ছ) ফেরির সময়সূচী, ভাড়া, বহনক্ষমতা ইত্যাদি বিজ্ঞাপিত করতে হবে।

(জ) ফেরির বহনক্ষমতা ও পর্যাবৃত্তি অনুযায়ী টিকিট বিক্রয় করতে হবে, যাতে ক্ষমতার বেশী যাত্রী পারাপার না করেন।

(ঝ) নৌকায় ওঠা নিয়ন্ত্রন করতে নির্দিষ্ট স্থানে প্রবেশদ্বার রাখতে হবে এবং সময়ের আগেও নির্দিষ্ট সংখ্যক যাত্রীর প্রবেশ আটকাতে তা তালাবদ্ধ রাখতে হবে।

(ঞ) নৌকার বহনক্ষমতা প্রবেশদ্বারে এবং নৌকার গায়ে বিজ্ঞাপিত করতে হবে।

(ট) ঘোষণা করার জন্য একটি যান্ত্রিক গণ-ঘোষণা ব্যবস্থা (Public Address System) রাখতে হবে যাতে ফেরির আগমন ও প্রস্থান বহনক্ষমতা, প্রবেশ নিয়ন্ত্রণ করা ইত্যাদি বিষয়ে সময়ে সময়ে ঘোষণা করা যায়।

(ঠ) ঘাটে নৌকা ভেড়ার আগে ঘাটে যাত্রীদের প্রবেশ করতে দেওয়া যাবে না।

(ড) প্রতিকূল আবহাওয়ায় ফেরি বন্ধ রাখতে হবে।

(ঢ) নৌকায় প্রয়োজনীয় **প্রাণরক্ষার সরঞ্জাম,** অগ্নি নির্বাপন ব্যবস্থা, আলো ও সিগনাল ব্যবস্থা রাখতে হবে।

সচিব
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

স্মারক সংখ্যা :২৮৫/১(১৭)/উ.দি.জে.প./রিসোঃ মোবিঃ/এক্স/অক্শন/খেয়াঘাট/২০১২/০০১ দিনাঙ্ক :২২/০৯/২০২১

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হ'ল -

১। সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
২। নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৩। পুলিশ সুপার, উত্তর দিনাজপুর।
৪। সহকারী সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৫। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
৬। জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, উত্তর দিনাজপুর।
৭। মহকুমা শাসক, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।
৮। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ণ আধিকারিক, উত্তর দিনাজপুর।
৯। বিত্ত নিয়ামক ও মূখ্যগনন আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১০। র্কমাধ্যক্ষ, পূর্ত-কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১১। র্কমাধ্যক্ষ, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১২। মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর ।
১৩। নির্বাহী আধিকারিক, রায়গঞ্জ পঞ্চায়েত সমিতি, উত্তর দিনাজপুর । আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধজানানো হচ্ছে।
১৪। প্রধান, বাহিন গ্রাম পঞ্চায়েত, রায়গগঞ্জ, উত্তর দিনাজপুর । আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৫। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, উত্তর দিনাজপুর ।
১৬। নোটিশ বোর্ড, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।
১৭। ডি. আই. এ., উত্তর দিনাজপুর জেলা পারিষদ। আপনাকে জেলা পরিষদের ওয়েব সাইটে বিষয়টি প্রকাশ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

সচিব
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।